



নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে প্রতিষ্ঠান কর্তৃক করণীয় নির্দেশাবলী

ডিজিএফআই এর নিকট হতে নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তির পর এবং নথিপত্র সঠিকতা যাচাইয়ের পর সরবরাহকারী প্রতিষ্ঠানকে অনধিক ০৫ কার্যদিবসের মধ্যে তালিকাভুক্তি ফি এবং ১৫% ভ্যাট চার্জ বাবদ ৫,০০০.০০+৭৫০.০০= ৫,৭৫০.০০ টাকা এবং নিরাপত্তা জামানত বাবদ ১,০০,০০০.০০ টাকার পে-অর্ডার (মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের অনুকূলে) জমা করার জন্য পত্র দেওয়া হবে এবং পে-অর্ডার প্রাপ্তি সাপেক্ষে অনধিক ০৪ কার্যদিবসের মধ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানকে তালিকাভুক্তির কার্যক্রম গ্রহণ করা হবে। তবে তালিকাভুক্তি ফি ও নিরাপত্তা জামানতের অর্থের পরিমাণ পুনঃ নির্ধারিত হলে পুনঃ নির্ধারিত অর্থই জমা করতে হবে।

অঙ্গীকারনামা

আমি পিতা/স্বামী
গ্রাম ডাকঘর
থানা জেলা
মেসার্স এর মালিক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে আমার
প্রতিষ্ঠানের পক্ষে এই মর্মে অঙ্গীকার করছি যে,

১। আমার প্রতিষ্ঠান ডিজিডিপি'তে তালিকাভুক্ত হলে আমি ডিজিডিপি'র বর্তমানে প্রচলিত সকল আইন, নিয়ম, বিধি-বিধান সমূহ মেনে চলতে বাধ্য থাকব। আমি আরো অঙ্গীকার করছি যে, সরবরাহ কিংবা অন্য কোন অনিয়মের কারণে ডিজিডিপি কর্তৃক আমার প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইন, নিয়ম ও বিধানানুযায়ী কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হলে, আমার প্রতিষ্ঠান তা মেনে নিবে।

২। আমি অবগত আছি যে, ডিজিডিপি'র দরপত্র ও চুক্তিপত্রের শর্তাবলী Form DP-35 (Revised 1960), Government of the people's Republic of Bangladesh, Ministry of Defence, Directorate General Defence Purchase, General Conditions Governing Contracts, Letter No. 1557/40/DGDP/Coord, 1961, Government of the people's Republic of Bangladesh, Ministry of Defence, ডিজিডিপি'র দরপত্র ও চুক্তিপত্রে উল্লিখিত শর্তাবলী এবং ডিজিডিপি কর্তৃক প্রদত্ত নির্দেশাবলী মোতাবেক নিয়ন্ত্রিত ও পরিচালিত হয়। আমার প্রতিষ্ঠান ডিজিডিপি'র তালিকাভুক্ত সরবরাহকারী হিসেবে আমি উল্লিখিত বিধি-বিধান ও কার্যপদ্ধতি যথাযথ ভাবে অনুসরণ করে দরপত্রে অংশগ্রহন, চুক্তিপত্রে স্বাক্ষরসহ সরবরাহ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা করতে দায়বদ্ধ থাকব।

৩। আমি আরো অঙ্গীকার করছি যে, উপরোক্ত বিধি-বিধান ও কার্যপদ্ধতি ছাড়াও ভবিষ্যতে সরকারী নিয়মের আওতায় ডিজিডিপি কর্তৃক যেসব নতুন বিধি-বিধান প্রচলন করা হবে আমি তাও মেনে চলতে বাধ্য থাকব; অন্যথায় আমি আমার প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করার জন্য আবেদন করব। আমি এই মর্মে ঘোষণা করছি যে, দরপত্র দাখিল ও চুক্তিপত্র সম্পাদনে আমি ন্যায় নীতির আশ্রয় নিব এবং বাংলাদেশ সশস্ত্র বাহিনী তথা দেশের স্বার্থ বিরোধী কোন কার্যকলাপে অংশ গ্রহনে বিরত থাকব বলে অঙ্গীকারারবদ্ধ।

৪। আমি এই মর্মে ঘোষণা করছি যে, আমার উপর নির্ভরশীল পরিবারের অন্য কোন সদস্যের ব্যবসা প্রতিষ্ঠান ডিজিডিপি'তে বর্তমানে তালিকাভুক্ত নাই বা ভবিষ্যতেও তালিকাভুক্ত হবে না।

৫। অত্র অঙ্গীকার নামায় আমি স্বেচ্ছায়, স্ব-জ্ঞানে, সুস্থ শরীরে ও অন্যের বিনা প্ররোচনা ব্যতিত নিম্নবর্ণিত স্বাক্ষরিত স্বাক্ষরিত উপস্থিতিতে নিজ নাম স্বাক্ষর ও আমার প্রতিষ্ঠানের সাধারণ সীলমোহর প্রদান করলাম।

সীলমোহরসহ অঙ্গীকার প্রদানকারীর স্বাক্ষর

তারিখঃ

১নং স্বাক্ষরী (অঙ্গীকার প্রদানকারীর পক্ষে)

স্বাক্ষরঃ

নামঃ

স্থায়ী ঠিকানাঃ

বর্তমান ঠিকানাঃ

২নং স্বাক্ষরী (ডিজিডিপি'র পক্ষে)

স্বাক্ষরঃ

নামঃ

স্থায়ী ঠিকানাঃ

বর্তমান ঠিকানাঃ

